ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইওডি সার্কুলার পত্র নং-০১

তারিখ ঃ ৩০ মাঘ, ১৪২৮
-------------------
১৩ ফেব্রুয়ারি, ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

**বিষয় ঃ অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের তথ্য এবং স্থানীয় বিলের বিপরীতে প্রদত্ত Acceptance এর তথ্য Online Import Monitoring System (OIMS) এ যথাযথভাবে রিপোর্টিং প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শীর্ষক বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের ১৬/০১/২০১৯ তারিখের সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি) ২২০/২০১৯-০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার পত্রের মাধ্যমে সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের সার্বিক তথ্য যথাযথভাবে এবং যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের অনলাইন ব্যবস্থাপনায় রিপোর্ট করার নির্দেশনা প্রদান করা হলেও পরিলক্ষিত হচ্ছে যে, কোন কোন ব্যাংক কর্তৃক অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের তথ্য যথাযথভাবে এবং যথাসময়ে Online Import Monitoring System (OIMS) এ রিপোর্ট করা হচ্ছে না। এছাড়া, স্থানীয় বিলের বিপরীতে প্রদত্ত Acceptance এর তথ্য Issuing Bank কর্তৃক রিপোর্ট করার ব্যবস্থা OIMS এ থাকলেও কোন কোন ব্যাংক তা রিপোর্ট করছে না এবং কোন কোন ব্যাংক কর্তৃক Acceptance এর তথ্য OIMS হতে যাচাই না করেই লোকাল বিল (স্থানীয় স্বীকৃত বিল) Purchase করছে বিধায় বিলমূল্য পরিশোধ বিষয়ক জটিলতার উদ্ভব হচ্ছে।

৩। অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের তথ্যের রিপোর্টিং নিশ্চিত করার লক্ষ্যে Issuing Bank কর্তৃক OIMS এ রিপোর্টকৃত অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের তথ্য Advising Bank এবং Branch এর অবলোকনের জন্য "Local LC Information (Advising Bank/Branch-wise)" নামে একটি নতুন রিপোর্ট তৈরি করে "Local LC -> Report" অংশে সংযুক্ত করা হয়েছে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলোঃ

ক) Issuing Bank কর্তৃক রিপোর্টকৃত অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের তথ্য Online Import Monitoring System এ অবলোকনপূর্বক তা বেনিফিশিয়ারির অনুকূলে Advice করতে হবে ;

খ) স্থানীয় বিলের বিপরীতে প্রদত্ত Acceptance এর তথ্য Issuing Bank কর্তৃক OIMS এ যথাযথভাবে রিপোর্ট এবং Acceptance এর বিপরীতে স্থানীয় স্বীকৃত বিল Purchase এর ক্ষেত্রে Acceptance এর তথ্য OIMS হতে যাচাই করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মধুসূদন বনিক)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৭